গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.dfp.gov.bd

নং-১৫.৫৭.০০০০.০০১.০৬.০০১.১৮. ১৪৩৬

তারিখ: ০৪ চৈত্র ফাল্গুন, ১৪২৭ / ১৮ মার্চ, ২০২১

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভায় অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর কার্যক্রম [২.১] এর আওতায় " সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা" আয়োজনের আবশ্যকতা রয়েছে। তৎপ্রেক্ষিতে আগামী ১৫ মার্চ, ২০২১ বেলা ১১:৩০ ঘটিকায় তথ্য ভবনের ২য় তলায় (সভাকক্ষে) অংশীজনদের অংশগ্রহণে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে।

উক্ত মতিবিনিময় সভায় অংশগ্রহণের লক্ষ্যে তাঁর দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানপূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৪.০৩.২০২১

স. ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৩৩১০৩৪।

**বিতরণ: কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।
০৪। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
০৫। পরিচালক/সিনিয়র সম্পাদক/উপপরিচালক/সম্পাদক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
০৬। সহকারী পরিচালক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
০৭। অফিস কপি
০৮। ওয়েবসাইট।

ICT PC (Ad)/F/Fateha/Shuddachar

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.dfp.gov.bd

নং-১৫.৫৭.০০০০.০০১.০৬.০০১.১৮.১৮০২ তারিখ: ১১ চৈত্র, ১৪২৭ / ২৫ মার্চ, ২০২১

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে (Stakeholders) সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে এক **(Stakeholders)** সভা গত ১৫ মার্চ, ২০২১ তারিখে সভাকক্ষ (২য় তলা), তথ্য ভবন, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর-এ অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

২৫.০৩.২০২১
স. ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৩৩১০৩৪।

**বিতরণ: কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।
০৪। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
০৫। পরিচালক (প্রশাসন ও প্রকাশনা), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা ও সভাপতি, নৈতিকতা কমিটি।
০৬। উপপরিচালক (প্রশাসন), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
০৭। উপপরিচালক (নিবন্ধন), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
০৮। উপপরিচালক (প্রকাশনা), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
০৯। সম্পাদক (নবারুণ), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
১০। সহকারি পরিচালক (প্রশাসন), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
১১। গবেষণা কর্মকর্তা, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি
১৪। ওয়েবসাইট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
www.dfp.gov.bd

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে (stakeholders) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | স. ম. গোলাম কিবরিয়া, মহাপরিচালক |
| সভার স্থান | : | সভাকক্ষ (২য় তলা), তথ্য ভবন, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ১৫ মার্চ, ২০২১ খ্রি., বেলা ১১:৩০ ঘটিকা |

**১.০ সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট 'ক'।**

২.০ সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। পরিচিতি পর্ব শেষে সভাপতি মহোদয় এ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) এবং নৈতিকতা কমিটির সভাপতি জনাব মোহাম্মদ আলী সরকার-কে সভার আলোচ্যসূচি ও বিবেচ্য বিষয়সমূহ উপস্থাপন করার অনুরোধ জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) পর্যায়ক্রমে নিম্নোক্ত বিষয়াবলী সভায় উপস্থাপন করেন।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | অংশীজন:<br>তথ্য অধিদফতর<br>(ক) ক্রোড়পত্র | এ অধিদপ্তরের পরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) জানান, তথ্য মন্ত্রণালয় ছাড়া অন্যান্য মন্ত্রণালয়ের ক্রোড়পত্রের ম্যাটার সঠিক সময়ে পাওয়া যায় না। ফলে অঙ্গসজ্জা ও বিতরনে সমস্যার সৃষ্টি হচ্ছে। বিষয়টির একটি সমাধান করা প্রয়োজন। | সঠিক সময়ে ক্রোড়পত্রের লেখা পাওয়ার বিষয়ে তথ্য অধিদফতরের প্রতিনিধি প্রধান তথ্য অফিসারকে অবহিত করবেন। তাছাড়া এ বিষয়ে তথ্য অধিদপ্তর ও চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের প্রধানগণ মন্ত্রণালয়ে অবহিত করবেন। | তথ্য অধিদফতর |
| ০২ | অংশীজন:<br>গণযোগাযোগ অধিদপ্তর<br><br>(ক) এ অধিদপ্তর কর্তৃক প্রকাশিত সচিত্র বাংলাদেশ, নবারুণ, পুস্তক, পোস্টার এবংনির্মিত প্রামাণ্যচিত্র /ডকুড্রামা/ ফিলার/টিভিসি ইত্যাদি গণযোগাযোগ অধিদপ্তর ৬৮ টি জেলা তথ্য অফিসের মাধ্যমে মাঠ পর্যায়ে বিতরণ ও প্রদর্শন। | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত সচিত্র বাংলাদেশ, নবারুণ, পুস্তক, পোস্টার এবং নির্মিত প্রামাণ্যচিত্র/ ডকুড্রামা/ ফিলার/ টিভিসি/ বিষয় ভিত্তিক চলচ্চিত্র নির্মাণ/ চলচ্চিত্র প্রদর্শনী কার্যক্রম সহজীকরণে গণযোগাযোগ অধিদপ্তরের ৬৮টি জেলা তথ্য অফিসের মাধ্যমে মাঠ পর্যায়ে বিতরণ ও প্রদর্শনের ব্যবস্থা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত সচিত্র বাংলাদেশ, নবারুণ, পুস্তক, পোস্টার এবং নির্মিত প্রামাণ্যচিত্র/ ডকুড্রামা/ ফিলার/ টিভিসি/ বিষয় ভিত্তিক চলচ্চিত্র নির্মাণ/ চলচ্চিত্র প্রদর্শনী কার্যক্রম সহজীকরণে গণযোগাযোগ অধিদপ্তরের ৬৮টি জেলা তথ্য অফিসের মাধ্যমে মাঠ পর্যায়ে বিতরণ ও প্রদর্শনের ব্যবস্থা অব্যাহত রাখার জন্য গণযোগাযোগ অধিদপ্তরের প্রতিনিধি আশ্বাস প্রদান করেন। | গণযোগাযোগ অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | (খ) প্রকাশিত নবারুণ-এর সংখ্যা বৃদ্ধি। | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত মাসিক নবারুণ পত্রিকার চাহিদা জেলা পর্যায়ে প্রচুর রয়েছে। তাই এর সংখ্যা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। | ২০২০-২০২১ অর্থ বছরে মাসিক নবারুণ পত্রিকার সংখ্যা ১ লক্ষ ২০ হাজার থেকে বৃদ্ধি করে ১ লক্ষ ৩৫ হাজার কপি করা হয়েছে। ফলে তথ্য অফিসের চাহিদা পূরণ হবে বলে আশা করা যায়। | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর |
| | (গ) বিষয়ভিত্তিক ও মানসম্পন্ন চলচ্চিত্র নির্মাণ | গণযোগাযোগ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান, গণযোগাযোগ অধিদপ্তর যেহেতু সারা দেশে ৬৮টি তথ্য অফিসের মাধ্যমে মাঠ পর্যায়ে ডিএফপি কর্তৃক নির্মিত চলচ্চিত্র প্রদর্শন করে থাকে তাই চলচ্চিত্র নির্মাণের পূর্বে কোন কোন বিষয়ের চলচ্চিত্র মাঠ পর্যায়ে চাহিদা রয়েছে সে ব্যাপারে গণযোগাযোগ অধিদপ্তরের সাথে পরামর্শ করার আহ্বান জানান। এছাড়া গুণী শিল্পী (অভিনেতা/অভিনেত্রী) দ্বারা চলচ্চিত্র নির্মাণ করা হলে দর্শকের আগ্রহও বেশি থাকে বলে জানান। নির্মিত চলচ্চিত্রের সিডি আরও মানসম্পন্ন হওয়া প্রয়োজন বলেও সভায় জানান। প্রায় ক্ষেত্রে ডিএফপি থেকে সরবরাহকৃত চলচ্চিত্রের সিডি প্রদর্শিত অবস্থায় থেমে যায়, যা বিব্রতকর পরিস্থিতি তৈরি করে। | চলচ্চিত্র নির্মাণের পূর্বে গণযোগাযোগ অধিদপ্তরের প্রতিনিধির সাথে আলাপ-আলোচনা করে চলচ্চিত্র নির্মাণ এবং গুণী শিল্পীদের দ্বারা বিষয়ভিত্তিক চলচ্চিত্র নির্মাণ করা হবে। এছাড়া মানসম্পন্ন সিডি সরবরাহের বিষয়ে গুরুত্ব দেওয়া হবে। | |
| ০৩ | অংশীজন: বাংলাদেশ ফিল্ম আর্কাইভ<br>(ক) এ অধিদপ্তর কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্র, ডকুড্রামা, ফিলার, টিভিসি, সংবাদচিত্র, বিশেষ সংবাদচিত্র যথাযথ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভে এ অধিদপ্তর কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্র, ডকুড্রামা, ফিলার, টিভিসি, সংবাদচিত্র, বিশেষ সংবাদচিত্র যথাযথ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। ফিল্ম আর্কাইভের প্রতিনিধি জানান ডিএফপি থেকে পাঠানো চলচ্চিত্র গুলোর মাপ, বিষয়বস্তু ও ক্যার্নগুলো প্রায়ই সঠিকভাবে দেওয়া হয়না, ফলে সংরক্ষণে সমস্যা সৃষ্টি হচ্ছে। | ডিএফপি কর্তৃক নির্মিত চলচ্চিত্র নির্মাণের পর দ্রুত বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে ছবির মাপ বিষয়বস্তু ইত্যাদি সঠিকভাবে উল্লেখপূর্বক যথাযথভাবে পাঠানো নিশ্চিত করা হবে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ও চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর। |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৪ | অংশীজন: বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড<br>(ক) এ অধিদপ্তর কর্তৃক নির্মিত চলচ্চিত্রসমূহ সেন্সর প্রদান এবং পরিস্কার পরিচ্ছন্নতা ও বিদ্যুৎ বিল সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ।<br>(খ) এ অধিদপ্তরে দৃশ্যমান স্থানে তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম ফলক, ফোন নাম্বার, পদবী স্থাপনের জন্য ব্যবস্থা গ্রহণ। | ডিএফপি কর্তৃক নির্মিত চলচ্চিত্রসমূহকে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড হতে সনদ প্রদান করে সহযোগিতা প্রদান পরিস্কার পরিচ্ছন্নতা, বিদ্যুৎ বিল সমন্বয় এবং এ অধিদপ্তরে দৃশ্যমান স্থানে নাম ফলক, ফোন নাম্বার, পদবী স্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের প্রতিনিধি সভায় জানান, ডিএফপি কর্তৃক নির্মিত চলচ্চিত্রসমূহের সনদ প্রদানে সহায়তা অব্যাহত থাকবে। পরিস্কার পরিচ্ছন্নতা, বিদ্যুৎ বিল সমন্বয়, দৃশ্যমান স্থানে নাম ফলক (ফোন নাম্বার ও পদবী) স্থাপনের বিষয়ে তথ্য ভবনের অন্যান্য দপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে। | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড। ও তথ্য ভবনে অবস্থিত সকল দপ্তর। |

৩.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৩.২০২১

স.ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক
ফোন: ৮৩৩১০৩৪

নং-১৫.৫৭.০০০০.০০১.০৬.০০১.১৮

তারিখ: চৈত্র, ১৪২৭ / মার্চ, ২০২১

**বিতরণ (কার্যার্থে ও জ্ঞাতার্থে):**

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।
০৪। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
০৫। পরিচালক/ সিনিয়র সম্পাদক/উপপরিচালক/সম্পাদক(সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
০৬। সহকারী পরিচালক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
০৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮। ওয়েবসাইট/ অফিস কপি।

সেলিনা আকতার
উপপরিচালক (প্রশাসন)
এপিএ ফোকাল পয়েন্ট।